

## মতলবে জেডিসি পরীক্ষার্থীর প্রবেশপত্র ফি ৬শ' টাকা

### ■ মতলব (চাঁদপুর) প্রতিনিধি

মতলবে দুই উপজেলায় জেডিসি পরীক্ষায় প্রবেশপত্রের নামে পরীক্ষার্থীদের কাছ থেকে সরকার নির্ধারিত ফির ৩ থেকে ৪ গুণ অতিরিক্ত টাকা আদায় করা হয়েছে। মাদ্রাসাগুলো প্রতি পরীক্ষার্থীর কাছ থেকে ৬শ' থেকে ৭শ' টাকা করে আদায় করেছে বলে অভিভাবকরা অভিযোগ করেছেন। এদিকে প্রবেশপত্র না আসায় উপাদী মাদ্রাসার ৪ শিক্ষার্থী পরীক্ষা দিতে পারেনি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, মতলব দক্ষিণ উপজেলায় জেডিসি পরীক্ষার ৪টি কেন্দ্রে ১৮টি মাদ্রাসার মোট ৮৮৮ জন পরীক্ষার্থী রয়েছে। উপাদী ইসলামিয়া মাদ্রাসার সুপার ওসমান গণি জানান, কেন্দ্রে শিক্ষার্থীপ্রতি ৬শ' টাকা করে জমা দিতে হবে। এ জন্য তারা প্রবেশপত্র ফি ৬শ' টাকা করে নিয়েছেন। অন্যদিকে প্রতিষ্ঠানের ভুলের কারণে প্রবেশপত্র না আসায় হোসনেয়ারা, আখি, সাখী ও হালিমা নামে মাদ্রাসার ৪ শিক্ষার্থী পরীক্ষা দিতে পারছে না। এদিকে প্রবেশপত্রের নামে অতিরিক্ত টাকা আদায়ের বিষয়ে মতলব দারুল উলুম ফাজিল মাদ্রাসার কেন্দ্র সচিব মাওলানা আলাউদ্দিন মোবাইল ফোনে কথা বলতে চাননি।

অন্যদিকে মতলব উত্তর উপজেলায় জেডিসি পরীক্ষার ২টি কেন্দ্রে ১২টি মাদ্রাসার মোট ৪১৩ পরীক্ষার্থী। সেখানেও নিজ নিজ প্রতিষ্ঠান একইভাবে প্রবেশপত্রের জন্য নির্ধারিত ফির চেয়ে ৩ থেকে ৪ গুণ টাকা নিয়েছে বলে অভিযোগ উঠেছে। একাধিক অভিভাবক জানান, ১৫০ টাকা সরকার নির্ধারিত ফির স্থলে দিতে হয়েছে ৬শ' থেকে ৭শ' টাকা। নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক শিক্ষক জানান, কিছু খরচের জোগান দিতেই বেশি টাকা নিতে হচ্ছে। এ ব্যাপারে মতলব দক্ষিণ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আবদুর রহিম খান জানান, অতিরিক্ত ফি আদায়ের বিষয়টি তিনি জানেন না।